৪৫

দৈনিক জনকণ্ঠ

তারিখ 28 DEC 1993

পৃষ্ঠা ১২ কলাম ২

# একজন মা শিক্ষিত হলে গোটা পরিবার শিক্ষিত হবে

স্টাফ রিপোর্টার, খুলনা অফিস, ২৭ ডিসেম্বর।- জাতীয় সংসদের হুইপ আশরাফ হোসেন বলেছেন, একজন মা শিক্ষিত হলে গোটা পরিবার তথা জাতি শিক্ষিত হতে বাধ্য। বর্তমান সরকার তাই মহিলাদের শিক্ষার ব্যাপারে অধিক গুরুত্বারোপ করেছেন।

তিনি সোমবার খুলনার দৌলতপুর মহিলা কলেজের নবীন বরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে বক্তৃতা করছিলেন। জেলা প্রশাসক কাজী রিয়াজুল হকের সভাপতিত্বে এ অনুষ্ঠানে বক্তৃতা করেন জহুর আলী, সরদার আতিয়ার রহমান, শরীফ ফজলুর রহমান প্রমুখ।

হুইপ বলেন, দেশের শিক্ষা বিস্তারে সরকার যে পদক্ষেপ নিয়েছে তাতে দু'হাজার সাল নাগাদ সবার জন্য শিক্ষা কর্মসূচী বাস্তবায়ন সম্ভব। এ ব্যাপারে দলমত নির্বিশেষে এই কর্মসূচীতে অংশ নেয়ার জন্য তিনি সকলের প্রতি আহ্বান জানান।